গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মির্জাগঞ্জ, পটুয়াখালী
www.mirzaganj.patuakhali.gov.bd

মির্জাগঞ্জ উপজেলার নভেম্বর/২০২৩খ্রি. মাসের উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | সাইয়েমা হাসান<br>উপজেলা নির্বাহী অফিসার<br>মির্জাগঞ্জ, পটুয়াখালী। |
| স্থান | : | উপজেলা পরিষদ অডিটরিয়াম, মির্জাগঞ্জ, পটুয়াখালী। |
| তারিখ | : | ০৯-১১-২০২৩ খ্রি.। |
| সময় | : | সকাল-১০:০০ ঘটিকা। |

উপস্থিত সদস্যবৃন্দ "পরিশিষ্ট-ক"

শুরুতে সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করা হয়। গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং উহা সর্বসম্মতভাবে দৃঢ়ীকরণ করা হয়।

পটুয়াখালী-১ আসনের সংসদ সদস্য (এমপি) ও সাবেক ধর্মপ্রতিমন্ত্রী অ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া এবং কাকড়াবুনিয়া ইউনিয়ন পরিষদের ০৩ নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মনিন্দ্র চন্দ্র হাওলাদার এর মৃত্যুতে শোক প্রস্তাব করা হয় এবং মির্জাগঞ্জ উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে সভায় উপস্থিত সকল সদস্যদের বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।

০১। আইন-শৃংখলা পরিস্থিতি : অফিসার ইন-চার্জ, মির্জাগঞ্জ থানা জানান যে, উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি ভাল রয়েছে। তিনি মির্জাগঞ্জ উপজেলার অপরাধ চিত্রের বিস্তারিত বিবরনী নিম্নরুপ তুলে ধরেন:

অপরাধ চিত্র

| মাসের নাম | সড়ক দূর্ঘটনা | ধর্ষন | ডাকাতি/ দস্যুতা/ চাঁদাবাজি | অগ্নিসংযোগ | চুরি | অপহরণ | নারী ও শিশু নির্যাতন | মাদক | আইন শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুত বিচার) | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর | - | - | - | - | ০২ | - | ০১ | ০৪ | - | ০১ | ০৮ |
| অক্টোবর | - | - | - | - | ০১ | - | ০ | ০৫ | - | ০২ | ০৮ |

০২। সভায় উপস্থিত চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ এবং অন্যান্য সদস্যবৃন্দের আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরুপ:

| নাম ও পদবী | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১। জনাব মোঃ সোহাগ হোসেন, সাংবাদিক, মির্জাগঞ্জ | তিনি বলেন যে, প্রায় প্রতিদিন এ উপজেলায় অহেতুক বিভিন্ন ধরনের মাইকিং করা হয় যা শব্দ দূষণ করে। তিনি আরো বলেন উপজেলার নদী, খালের পাড় এবং খাস জমি দখল হয়ে যাচ্ছে। | শব্দ দূষণ রোধে অহেতুক মাইকিং বন্ধ করতে হবে। নদী, খালের পাড় এবং খাস জমি দখল মুক্ত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার মির্জাগঞ্জ, পটুয়াখালী<br>সহকারী কমিশনার (ভূমি) মির্জাগঞ্জ, পটুয়াখালী<br>অফিসার ইনচার্জ, মির্জাগঞ্জ থানা, মির্জাগঞ্জ, পটুয়াখালী। |
| ০২। জনাব মোঃ ওয়াজেদ আলী, বীর মুক্তিযোদ্ধা, | তিনি বলেন বাজার দর উর্ধ্বগতি। বাজার দর নিয়ন্ত্রণে বাজার মনিটরিং করা দরকার। | বাজার দর নিয়ন্ত্রণে রাখার জন্য নিয়মিত বাজার মনিটরিং করতে হবে। | বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, মির্জাগঞ্জ<br>অফিসার ইনচার্জ, মির্জাগঞ্জ থানা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।<br>বাজার ব্যবস্থাপনা কমিটি (সকল) মির্জাগঞ্জ, পটুয়াখালী। |

| | | | |
|---|---|---|---|
| ০৩। সাধারন সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, মির্জাগঞ্জ উপজেলা শাখা | তিনি বলেন এ উপজেলার পণ্যের বাজার দর মোটামুটি স্বাভাবিক রয়েছে। তিনি বলেন মূলত ঢাকায় বা যে সমস্ত যায়গা হতে পণ্য আসে সে সমস্ত স্থানে পণ্যের মূল্য বেশি এবং তারা অবৈধ মজুদ করে দাম বাড়ায়। এখানকার বাজার প্রতিযোগিতামূলক। বিক্রেতারা বেশি মূল্য ক্রয় করে বিধায় বেশি মূল্য বিক্রয় করে। ডিসেম্বরের দিকে বাজার দর স্বাভাবিক হবে বলে আশা করা যায়। তিনি আরো বলেন, প্রতি হাট বারে মাঝে মধ্যে ছিনতাই হয় বিধায় হাটের দিন গ্রামপুলিশ থাকলে ভালো হয়। | প্রতিটি বাজারে হাটের দিন গ্রামপুলিশ নিয়োজিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) মির্জাগঞ্জ, পটুয়াখালী |
| ০৪। জনাব মোঃ আজিজ মল্লিক, বীর মুক্তিযোদ্ধা, মির্জাগঞ্জ | তিনি বলেন, মেন্দিয়াবাদ ও বোয়ালখালী খালের পারে মাদকের আড্ডা হয়। এই এলাকাগুলোয় পুলিশি অভিযান পরিচালনা করলে ভালো হয়।<br><br>তিনি আরো বলেন, আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে যাতে কোন মহল সহিংসতা করতে না পারে সে বিষয়ে সকলকে এক সাথে কাজ করতে হবে। | মেন্দিয়াবাদ ও বোয়ালখালী খালের পারে যাতে মাদকের আড্ডা না হয় সেবিষয়ে নজরদারি বাড়াতে হবে।<br><br>আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে যাতে কোন মহল সহিংসতা করতে না পারে সে বিষয়ে সকলকে এক সাথে কাজ করতে হবে। | অফিসার ইনচার্জ, মির্জাগঞ্জ থানা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।<br><br>সংশ্লিষ্ট সকল |
| ০৫। জনাব ইসমাইল হোসেন মৃধা, সিনিয়র সহ-সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, মির্জাগঞ্জ উপজেলা শাখা | আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। সবাইকে পুলিশ বাহিনীকে সাহায্য করতে হবে। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সবাইকে পুলিশ বাহিনীকে সাহায্য করতে হবে। | সংশ্লিষ্ট সকল |
| ০৬। অফিসার ইন-চার্জ, মির্জাগঞ্জ থানা | তিনি বলেন, মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত আছে। আমাদের উপজেলায়ও আকস্মিক নাশকাতর সম্ভাবনা আছে। বরগুনার আমতলীতে যাত্রীবাহী পরিবহন বাসে অগ্নিসংযোগ করা হয়েছে। যারা নাশকতার সাথে জড়িত তাদের গ্রেফতার করা হচ্ছে এবং সুস্পষ্ট তথ্য ছাড়া কাউকে গ্রেফতার করা হয়নি। নাশকতার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। কউকে নূন্যতম ছাড় দেয়ার সুযোগ নেই। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার লক্ষ্যে চলমান কর্যক্রম অব্যাহত রাখতে হবে। | অফিসার ইনচার্জ, মির্জাগঞ্জ থানা, মির্জাগঞ্জ, পটুয়াখালী। |
| ০৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ | তিনি বলেন, বিএনপি এর আমলে তাকে বেধড়ক প্রহার করা হয়েছে। তাকে কোর্ট জামিন দিয়েছে কিন্তু বিএনপি থেকে জামিন পান নাই। তিনি সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে সজাগ দৃষ্টি রাখতে বলেন যাতে কোন দল সহিংসতা করতে না পারে। | এ উপজেলার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে সজাগ দৃষ্টি রাখতে হবে যাতে তাদের স্ব-স্ব ইউনিয়নে কোন দল সহিংসতা করতে না পারে। | ইউপি চেয়ারম্যান (সকল) মির্জাগঞ্জ, পটুয়াখালী |
| ০৮। উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী | তিনি বলেন, সুষ্ঠু ও সুন্দর ভাবে পূজা উদ্‌যাপন শেষ হওয়ায় সকলকে আন্তরিক ধন্যবাদ জানান।<br>এ উপজেলার সকল ইউপি চেয়ারম্যানকে | | |

| | | | |
|---|---|---|---|
| | ইউনিয়ন পরিষদের মাসিক আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে অনুরোধ করা হলেও এখন পর্যন্ত পাওয়া যায়নি। | সকল ইউপি চেয়ারম্যানগণ নিয়মিত ইউনিয়ন পরিষদের মাসিক আইন-শৃংখলা কমিটির সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করবেন। | ইউপি চেয়ারম্যান (সকল) মির্জাগঞ্জ, পটুয়াখালী |
| | রাস্তার পাসে ফেলে রাখা বিদ্যুতের খুটি, ভবন নির্মানের মালামাল, গাছের গুড়ি (বিশেষ করে রাস্তার পাসে সমিলের সামনে) বা এমন সব জিনিস যা দিয়ে রাস্তায় যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি করা যায় তা দ্রুত অপসরণ করতে হবে। রাস্তার পাসে ফেলে রাখা এসকল জিনিসপত্র দিয়ে কোন অপ্রীতিকর ঘটনা/সহিংসতা ঘটলে সংশ্লিষ্ট মালিক পক্ষ দায়ী থাকবেন। | রাস্তার পাসে ফেলে রাখা বিদ্যুতের খুটি, ভবন নির্মানের মালামাল, গাছের গুড়ি (বিশেষ করে রাস্তার পাসে সমিলের সামনে) বা এমন সব জিনিস যা দিয়ে রাস্তায় যানবাহন চলাচলে বিঘ্ন সৃষ্টি করা যায় তা দ্রুত অপসরণ করতে হবে। রাস্তার পাসে ফেলে রাখা এসকল জিনিসপত্র দিয়ে কোন অপ্রীতিকর ঘটনা/সহিংসতা ঘটলে সংশ্লিষ্ট মালিক পক্ষ দায়ী থাকবেন। | সংশ্লিষ্ট সকল |
| | রাস্তার পাশে খুচরা তেল, পেট্রোল, ডিজেল, অকটেন ইত্যাদি বিক্রয়ের বিষয়ে সকলকে সতর্ক থাকতে হবে। অপরিচিত ব্যক্তিদের নিকট পেট্রোল, ডিজেল, অকটেন বিক্রয়ের আগে তাদের নাম, পরিচয়, মোবাইল নম্বর লিখে রাখতে হবে। | রাস্তার পাশে খুচরা তেল, পেট্রোল, ডিজেল, অকটেন ইত্যাদি বিক্রয়ের বিষয়ে সকলকে সতর্ক থাকতে হবে। অপরিচিত ব্যক্তিদের নিকট পেট্রোল, ডিজেল, অকটেন বিক্রয়ের আগে তাদের নাম, পরিচয়, মোবাইল নম্বর লিখে রাখতে হবে। | সংশ্লিষ্ট সকল |

অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলের নিরাপত্তা ও সু-স্বাস্থ্য কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


সাইয়েমা হাসান
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইন শৃঙ্খলা কমিটি
মির্জাগঞ্জ, পটুয়াখালী
ফোন: +৮৮০২৪৭৮৮৮২২৬৯
e-mail: unomirzagonj@gmail.com

স্মারক নম্বর: ০৫.১০.৭৮৭৬.০০০.০৬.০০৫.২১- ৭৬৬ তারিখ: ২৪ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ / ০৯ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

০১। জেলা প্রশাসক, পটুয়াখালী।
০২। পুলিশ সুপার, পটুয়াখালী।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৪। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৫। অফিসার ইনচার্জ, মির্জাগঞ্জ থানা।
০৬। উপজেলা --------------------------------কর্মকর্তা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৭। চেয়ারম্যান, ---------------------------- ইউনিয়ন পরিষদ (সকল)।
০৮। মাননীয় সংসদ সদস্য (পটুয়াখালী-১) এর ব্যক্তিগত কর্মকর্তা (মাননীয় সংসদ সদস্যের সদয় অবগতির জন্য)।
০৯। জনাব -------------------------------------------------------------।

০৯/১১/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

## পরিশিষ্ট 'ক'

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব খান মো: আবুবকর সিদ্দিকী, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০২। সহকারী কমিশনার (ভূমি), মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৩। উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, মির্জাগঞ্জ, পটুয়াখালী এর প্রতিনিধি
০৪। অফিসার ইনর্চাজ, মির্জাগঞ্জ থানা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৬। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৭। তথ্য সেবা কর্মকর্তা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৯। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১০। স্যানিটারী ইন্সপেক্টর, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১১। জনাব ইসমাইল হোসেন মৃধা, সিনিয়র সহ-সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, মির্জাগঞ্জ উপজেলা শাখা।
১২। জনাব মোঃ আজিজ মল্লিক, বীর মুক্তিযোদ্ধা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১৩। সাধারন সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, মির্জাগঞ্জ উপজেলা শাখা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১৪। জনাব মোঃ ওয়াজেদ আলী, বীর মুক্তিযোদ্ধা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১৫। জনাব আবদুল বারি, বীর মুক্তিযোদ্ধা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১৬। সভাপতি/সাধারন সম্পাদক, উপজেলা প্রেস ক্লাব, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১৭। সভাপতি/সম্পাদক, মির্জাগঞ্জ রিপোটার্স ইউনিট, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

অনুমতিক্রমে অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা : নেই

## পরিশিষ্ট 'খ'

অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। জনাব মোঃ আবদুল্লাহ আল জাবির (সোহেল ভূঁইয়া), সদস্য, জেলা পরিষদ, পটুয়াখালী।
০২। জনাব মোঃ জহিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৩। জনাব মোসাঃ হাচিনা বেগম, ভাইস চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৪। উপজেলা কৃষি অফিসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৫। উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৬। অধ্যক্ষ, সুবিদখালী সরকারী ডিগ্রী কলেজ, মির্জাগঞ্জ, পটুয়াখালী
০৭। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মির্জাগঞ্জ, পটুয়াখালী
০৮। পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
০৯। অধ্যক্ষ, সুবদখালী মহিলা কলেজ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১০। উপজেলা শিক্ষা অফসার, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১১। অধ্যক্ষ, দারুসসুন্নাত ফাজিল মাদ্রাসা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

১২। সভাপতি, বাংলাদেশ আওয়ামীলীগ, মির্জাগঞ্জ উপজেলা শাখা, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১৩। এ,টি,এম মোস্তাফিজুর রহমান, চেয়ারম্যান, আমড়াগাছিয়া ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১৪। কাজী মোঃ মিজানুর রহমান, চেয়ারম্যান, মাধবখালী ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১৫। জনাব আবুল বাসার, চেয়ারম্যান, মির্জাগঞ্জ ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১৬। মোহাম্মাদ আনোয়ার হোসেন খান, চেয়ারম্যান, দেউলী সুবিদখালী ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১৭। জনাব মো: সেলিম মিয়া, চেয়ারম্যান, কাকড়াবুনিয়া ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১৮। জনাব মোঃ শহিদুল্লাহ্‌, চেয়ারম্যান, মজিদবাড়িয়া ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
১৯। প্রধান শিক্ষক, সুবিদখালী সরকারি রহমান ইস্‌হাস পাইলট মাধ্যমিক বিদ্যালয়, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
২০। মাননীয় সংসদ সদস্যের প্রতিনিধি।
২১। প্রধান শিক্ষক, সুবিদখালী রোকেয়া খানম পাইলট মাধ্যমিক বিদ্যালয়, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
২২। প্রতিনিধি দূর্নীতি দমন কমিশন, পটুয়াখালী।
২৪। বিজ্ঞ এপিপি, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
২৫। জাতীয় পার্টি, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
২৬। সভাপতি/সম্পাদক, মির্জাগঞ্জ উপজেলা প্রেস ক্লাব, মির্জাগঞ্জ, পটুয়াখালী।
২৭। সভাপতি/সম্পাদক, মির্জাগঞ্জ প্রেস ক্লাব, মির্জাগঞ্জ, পটুয়াখালী।

উপজেলা নির্বাহী অফিসার
মির্জাগঞ্জ, পটুয়াখালী।